



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com



স্মারক নং- মাউশিবোর্ডি/প্রশাঃ/৬০৬৫(১২১)

তারিখ : ০৪/০৪/২০২১ খ্রি.

## বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে অধিকতর সতর্কতা অবলম্বন এবং অফিসের জরুরি কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে মন্ত্রীপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১, তারিখ : ০৪/০৪/২০২১ এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭.১৩৫, তারিখ : ০৪/০৪/২০২১ নির্দেশনার আলোকে বিভাগীয় প্রধানগণকে স্ব স্ব বিভাগের জরুরি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সীমিত পরিসরে প্রয়োজনীয় জনবল নিয়ে স্বাস্থ্যবিধি মেনে কর্মসম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। দাপ্তরিক কার্যক্রম যথাসম্ভব ই-নথি ও অনলাইনে সম্পন্ন করতে হবে। এই নির্দেশনা ০৫ এপ্রিল ২০২১ তারিখ থেকে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ১১ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

*Amirul Haq*  
08/08/21

প্রফেসর মোঃ আমিনুল হক সরকার

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :

- ০১। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
- ০২। কলেজ পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
- ০৪। হিসাব রক্ষণ অফিসার, অত্র শিক্ষা বোর্ড।
- ০৫। পিএসটু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।
- ০৬। জনাব/....., অত্র শিক্ষা বোর্ড।
- ০৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১

তারিখ: ২১ চৈত্র ১৪২৭  
০৪ এপ্রিল ২০২১

বিষয়: করোনোভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা আরোপ

করোনোভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি পর্যালোচনায় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গত ২৯ মার্চ ২০২১ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১.১২৪ নম্বর স্মারকে ১৮ দফা নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে আগামী ০৫ এপ্রিল ২০২১ ভোর ৬.০০টা থেকে ১১ এপ্রিল ২০২১ রাত ১২.০০টা পর্যন্ত মেয়াদে প্রতিপালনের জন্য নিম্নোল্লিখিত নির্দেশনা প্রদান করা হলো:

- ২। (ক) সকল প্রকার গণপরিবহন (সড়ক, নৌ, রেল ও অভ্যন্তরীণ ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা, জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। এছাড়া, বিদেশগামী/বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা কার্যকর হবে না;
- (খ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;
- (গ) সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত অফিস ও আদালত এবং বেসরকারি অফিস কেবল জরুরি কাজ সম্পাদনের জন্য সীমিত পরিসরে প্রয়োজনীয় জনবলকে স্ব স্ব প্রতিষ্ঠানের নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় অফিসে আনা-নেওয়া করতে পারবে। শিল্প-কারখানা ও নির্মাণ কার্যাদি চালু থাকবে। শিল্প-কারখানার শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া করতে হবে। বিজিএমইএ ও বিকেএমইএ কর্তৃক শিল্প-কারখানা এলাকায় নিকটবর্তী সুবিধাজনক স্থানে তাদের শ্রমিকদের জন্য ফিল্ড হাসপাতাল/চিকিৎসার ব্যবস্থা করতে হবে;
- (ঘ) সন্ধ্যা ৬.০০টা থেকে ভোর ৬:০০টা পর্যন্ত অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না;
- (ঙ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। কোনো অবস্থাতেই হোটেল-রেস্তোরাঁয় বসে খাবার গ্রহণ করা যাবে না;
- (চ) শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে। তবে দোকানসমূহ পাইকারি ও খুচরা পণ্য Online-এর মাধ্যমে ক্রয়-বিক্রয় করতে পারবে। সেক্ষেত্রে অবশ্যই সর্বাবস্থায় কর্মচারীদের মধ্যে আবশ্যিক স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং কোনো ক্রেতা স্বশরীরে যেতে পারবে না;
- (ছ) কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৮.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;
- (জ) ব্যাংকিং ব্যবস্থা সীমিত পরিসরে চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;
- (ঝ) সশস্ত্র বাহিনী বিভাগ ঢাকায় সুবিধাজনক স্থানে ফিল্ড হাসপাতাল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (ঞ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে; এবং
- (ট) এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)

উপসচিব

ফোন: ৯৫৫১১০৭

ই-মেইল: faco\_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১

তারিখ: ২১ চৈত্র ১৪২৭  
০৪ এপ্রিল ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

২। বিভাগীয় কমিশনার (সকল)

৩। জেলা প্রশাসক (সকল)

৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর-নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রশাসন ও সংস্থাপন শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭.১৩৫

তারিখঃ ২১ চৈত্র ১৪২৭  
০৪ এপ্রিল ২০২১

**অফিস আদেশ**

মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ সংখ্যক স্মারকের আলোকে নিম্নবর্তী নির্দেশনা জারি করা হলো:

(ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রত্যেক অনুবিভাগে কর্মরত ১ম শ্রেণির কর্মকর্তার মধ্যে এক-তৃতীয়াংশ কর্মকর্তা পর্যায়ক্রমে দপ্তরে উপস্থিত থাকবেন। অনুবিভাগ প্রধানগণ তাঁদের অনুবিভাগের জন্য কোন কর্মকর্তা কোন কর্ম দিবসে উপস্থিত থাকবেন তা নির্ধারণ করবেন;

(খ) অনুবিভাগ প্রধানগণ তাঁদের অনুবিভাগের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে যাদের প্রয়োজন তাদের অফিসে আসার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। তবে দৈনিক উপস্থিতির হার সংশ্লিষ্ট অনুবিভাগের মোট সাপোর্ট স্টাফদের এক-তৃতীয়াংশের বেশি হবে না। পরবর্তী দিনের উপস্থিতির তালিকা পূর্ববর্তী দিনে প্রশাসন ও অর্থ অনুবিভাগ বরাবর প্রেরণ করতে হবে। প্রশাসন ও অর্থ অনুবিভাগ উক্ত সাপোর্ট স্টাফদের যাতায়াতের প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করবে;

(গ) গর্ভবতী/অসুস্থ কর্মকর্তা/কর্মচারীগণ স্ব-স্ব অনুবিভাগ প্রধানকে অবহিত রেখে বাড়ীতে অবস্থান করে কর্মসম্পাদন করবেন;


(ঘ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজন করতে হবে।

(ঙ) যথাসম্ভব ই-নথি ব্যবহারের মাধ্যমে কর্ম সম্পাদন করতে হবে;

(চ) দাপ্তরিক দায়িত্ব পালনকালে স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

(ছ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধানগণ মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ ০৫ এপ্রিল ২০২১ তারিখ থেকে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ১১ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

  
(মোঃ মজরুল ইসলাম)  
উপসচিব

ফোন : ৯৫৪৯১৩০

ইমেইল: [sas\\_admin1@moedu.gov.bd](mailto:sas_admin1@moedu.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ / উন্নয়ন / মাধ্যমিক-১ / মাধ্যমিক-২/  
নিরীক্ষা ও আইন / পরিকল্পনা / কলেজ / বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধান (সকল)।

পাতা-০২

- ৩) যুগ্মসচিব / উপসচিব / সিনিয়র সহকারী সচিব / সহকারী সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯) ২য়/৩য়/৪র্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারী (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০) অফিস কপি।